আজি শুভদিনে পিতার ভবনে     অমৃতসদনে চলো যাই,
            চলো চলো, চলো ভাই ॥
না জানি সেথা কত সুখ মিলিবে,    আনন্দের নিকেতনে–
            চলো চলো, চলো যাই ।
মহোৎসবে ত্রিভুবন মাতিল,      কী আনন্দ উথলিল–
            চলো চলো, চলো ভাই ॥
দেবলোকে উঠিয়াছে জয়গান,      গাহো সবে একতান–
            বলো সবে জয়-জয় ॥

---